

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

### (মূল্য সংযোজন কর)

#### প্রজ্ঞাপন

ঢাকা, ৩০শে অগ্রহায়ণ, ১৪০৫ বাঃ/ ১৪ই ডিসেম্বর, ১৯৯৮ ইং

নং এস, আর, ও ২৮৮-আইন/৯৮/১৯৫-মুসক।— মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩২ক এর পরিবর্তে নিম্নরূপ ৩২ক প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“৩২ ক। পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে শূন্য করহার ও প্রত্যাগনের সুবিধা।— পশ্চাদ সংযোগ শিল্প প্রতিষ্ঠান, অতঃপর উক্ত শিল্প প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, কর্তৃক সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবা নিম্নরূপ শর্তাধীনে আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) এর অধীনে রপ্তানিকৃত বলিয়া পণ্য করা যাইবে, যথাঃ—

(ক) উক্ত শিল্প প্রতিষ্ঠানকে ১০০% রপ্তানিমূল্যী বন্ডেড ওয়্যার হাউস বা স্পেশাল বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের অনুকূলে পণ্য সরবরাহ বা সেবা প্রদান করিতে হইবে ;

(খ) উক্ত শিল্প প্রতিষ্ঠানের সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার অনুকূলে ইউটিলাইজেশন পারমিশন বা ইউটিলাইজেশন ডিক্ল্যারেশন থাকিতে হইবে এবং উহাতে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঝণপত্র কিংবা অভ্যন্তরীণ ঝণপত্রের নম্বর ও তারিখ, উক্ত শিল্প প্রতিষ্ঠানের নিকট হইতে পণ্য বা সেবা হারণকারী ব্যক্তির মুসক নিবন্ধন নম্বর, নাম ও ঠিকানাসহ উক্ত ব্যক্তির অনুকূলে ইস্যুকৃত অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঝণপত্রের নম্বর ও তারিখ উল্লেখ থাকিতে হইবে;

(গ) উক্ত ঝণপত্রসমূহ যে ব্যাংকের সেই ব্যাংক কর্তৃক সত্যায়িত ঝণপত্রের অনুলিপিসহ ইউটিলাইজেশন পারমিশন বা ইউটিলাইজেশন ডিক্ল্যারেশন সমূহ উক্ত শিল্প প্রতিষ্ঠানের দখলে থাকিতে হইবে:

(ঘ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার বিপরীতে প্রদত্ত করের প্রত্যর্পণ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সহিত দফা (খ) ও (গ) তে উল্লিখিত দলিলাদিসহ বৈদেশিক মূদ্রা প্রাপ্তির সনদপত্র, নিবন্ধনপত্রের ছায়ালিপি, পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে ফরম মূসক-১১ এ প্রদত্ত চালানপত্র, সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবায় ব্যবহৃত উপকরণ আমদানির স্বপক্ষে বিল অব এন্ট্রির মূল কপি বা উপকরণের সরবরাহকারী কর্তৃক ফরম মূসক-১১ এ প্রদত্ত চালান পত্র ও উপস্থাপিত দলিল পত্রাদির সত্যতা বিষয়ে পঞ্চাশ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা দাখিল করিতে হইবে;

(ঙ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক দাখিলযোগ্য মাসিক দাখিলপত্র ফরম মূসক-১৯ এ এই বিধির আওতায় প্রাণ্ত সুবিধাদি সংক্রান্ত তথ্যাদি উল্লেখ করিতে হইবে এবং প্রতি জানুয়ারী ও জুলাই মাসে এতদসংক্রান্ত ঘান্যাবিক বিবরণী স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিতে হইবে।"

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

( ডঃ রফিকুল ইসলাম )

প্রথম সচিব

মূসক-মীতি নির্ধারণ ও বাজেট